দৈনিক খবর

06 NOV 1990

# ভার্সিটি শিক্ষকদের মহাসমাবেশ ১৩ই নভেম্বর

।। স্টাফ রিপোর্টার ।।

অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (শান্তি-শৃংখলা) অধ্যাদেশ '৯০ বাতিল ও বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবীতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন আগামী ১৩ই নভেম্বর বিশ্ববিদ্যালয় শিক্ষকদের এক মহাসমাবেশ আহবান করেছে।

গতকাল সোমবার অনুষ্ঠিত ফেডারেশনের স্ট্যান্ডিং কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সিদ্ধান্ত অনুযায়ী আগামী ১৩ই নভেম্বর মঙ্গলবার দেশের

২-এর পাতায় দেখুন

## ভার্সিটি শিক্ষকদের

প্রথম পৃষ্ঠার পর

সকল বিশ্ববিদ্যালয় শিক্ষকদের মহাসমাবেশ সকাল ১১টায় অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত হবে। সমাবেশ শেষে এক মৌন মিছিল বের হবে। স্ট্যান্ডিং কমিটির সভায় ফেডারেশনের প্রতিটি ইউনিটকে আন্দোলন তীব্রতর করার আহবান জানান হয়।

### ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দাবী–

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠান শান্তি-শৃংখলা অধ্যাদেশ বাতিল ও বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানিয়ে বলেছে, বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটকে এ ব্যাপারে কাল বুধবার বিকেলের মধ্যে বক্তব্য জানাতে হবে।

গতকাল সোমবার অনুষ্ঠিত সমিতির এক সাধারণ সভায় গৃহীত প্রস্তাবে একথা বলা হয়। সমিতির সভাপতি অধ্যাপক ইয়াজ উদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় শিক্ষকদের আন্দোলনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়।

জানা গেছে, ইতিপূর্বে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক সাধারণ সভা থেকে ৩রা নভেম্বরের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান অধ্যাদেশ বাতিলের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে ছাত্র-শিক্ষক-কর্মচারীদের ন্যূনতম নিরাপত্তা বিধানের মাধ্যমে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানান হয়েছিল। কিন্তু বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট এ ব্যাপারে এখনও কোন বক্তব্য দেয়নি। এ অবস্থায় গতকাল বিকেলে অনুষ্ঠিত শিক্ষক সমিতির সাধারণ সভায় আগামীকাল (বুধবার)-এর মধ্যে এ ব্যাপারে সিন্ডিকেটকে জানানোর জন্য বলা হয়। আগামীকাল বিকেলে পুনরায় সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

জানা গেছে, গতকালের সভার সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষকরা রাতে উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞার সাথে দেখা করে সমিতির প্রস্তাব জানানোর জন্য উপাচার্য ভবনে যান। কিন্তু উপাচার্য না থাকায় শিক্ষকরা চলে যান। সমিতির সভাপতি বিষয়টি উপাচার্যকে অবহিত করবেন বলে জানা গেছে।